# বিসিআইসি কলেজ

মিরপুর, ঢাকা।

## সিটিজেন চার্টার

**আমাদের লক্ষ্য ও উদ্দেশ্য:**

স্বচ্ছ, নিরপেক্ষ ও দ্রুততম সময়ে শিক্ষার্থীদের কাঙ্ক্ষিত সেবা প্রদান।

শিক্ষার গুণগত মান উন্নয়ন এবং শিক্ষার্থীবান্ধব পরিবেশ নিশ্চিত করা।

| **মিশন (Mission):** | **প্রদেয় সেবা:** | **শিক্ষার্থীদের অধিকার:** | **শিক্ষার্থীদের দায়িত্ব:** |
|---|---|---|---|
| মানসম্মত শিক্ষা প্রদান।<br>শৃঙ্খলাপূর্ণ ও নিরাপদ শিক্ষার পরিবেশ নিশ্চিত করা।<br>সহশিক্ষা কার্যক্রমে শিক্ষার্থীদের অংশগ্রহণে উৎসাহিত করা।<br>তথ্য প্রযুক্তিনির্ভর শিক্ষা ব্যবস্থা গড়ে তোলা। | ভর্তি সংক্রান্ত সেবা<br>শ্রেণি কার্যক্রম পরিচালনা<br>পরীক্ষা গ্রহণ ও ফলাফল প্রকাশ<br>লাইব্রেরি ও ল্যাব সুবিধা<br>শিক্ষাবিষয়ক পরামর্শ প্রদান<br>সনদপত্র ও ট্রান্সক্রিপ্ট প্রদান | মানসম্মত শিক্ষা গ্রহণের সুযোগ।<br>বৈষম্যহীন ও নিরাপদ পরিবেশ।<br>প্রয়োজনীয় তথ্য ও সেবা সময়মতো পাওয়া।<br>অভিযোগ জানানো ও তার সুষ্ঠু সমাধান পাওয়া। | কলেজের নিয়ম-কানুন মেনে চলা।<br>নিয়মিত ক্লাসে উপস্থিত থাকা।<br>শিক্ষক ও সহপাঠীদের প্রতি সম্মান প্রদর্শন।<br>কলেজের সম্পদ সংরক্ষণ করা। |

| **সেবার নাম** | **প্রয়োজনীয় কাগজপত্র** | **সেবা প্রদানের সময়সীমা** | **সেবা প্রদানকারী শাখা/কর্মকর্তা** |
|---|---|---|---|
| **১. একাদশ ও দ্বাদশ শ্রেণীতে ভর্তি** | শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে অনলাইনে পূরণকৃত ফর্ম ও ফি, এসএসসির মূল ট্রান্সক্রিপ্ট, প্রশংসাপত্র ছবির কপি। | বোর্ড কর্তৃক নির্ধারিত সময়সূচি | ভর্তি কমিটি/অফিস |
| **২. স্কুল শাখার বিভিন্ন শ্রেণিতে ভর্তি** | বিসিআইসি কলেজের ভর্তি লিংক এ অনলাইনে আবেদন, ফি, পূর্ববর্তী শ্রেণির ছাড়পত্র ও ছবির কপি। | ভর্তি বিজ্ঞপ্তিতে উল্লেখিত সময়সূচি | ভর্তি কমিটি/অফিস |
| **৩. প্রশংসাপত্র/প্রত্যয়নপত্র/চারিত্রিক সনদ** | আবেদনপত্র, পূর্ববর্তী পরীক্ষার ফলাফল শিট, কলেজ আইডি কার্ড। | ৩ কার্যদিবস | অফিস শাখা |
| **৩. নম্বরপত্র বা ট্রান্সক্রিপ্ট উত্তোলন** | নির্ধারিত আবেদন ফরম, ফি জমা দেওয়ার রশিদ, আইডি কার্ড। | ৩ থেকে ৫ কার্যদিবস | একাডেমিক শাখা |
| **৪. বোর্ড পরীক্ষার ফরম পূরণ (SSC/HSC)** | রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি ও নির্ধারিত ফি | বোর্ড নির্ধারিত তারিখের মধ্যে | বোর্ড কমিটি/ অফিস |
| **৫. বৃত্তি প্রদান** | নির্ধারিত ফরমে আবেদন, জন্মনিবন্ধন সনদ, অভিভাবকের জাতীয় পরিচয়পত্র, ব্যাংক হিসাবনম্বর | বিজ্ঞপ্তি প্রকাশের পর যাচাই-বাছাই সাপেক্ষে | হিসাব শাখা |
| **৬. টিসি (Transfer Certificate) বা ছাড়পত্র** | অনলাইন আবেদনের প্রিন্ট কপি, অভিভাবকের সম্মতিপত্র, ছাড়পত্রের আবেদন ও নির্ধারিত ফি। | ৩ থেকে ৫ কার্যদিবস | একাডেমিক শাখা/ হিসাব শাখা/অফিস |

**সেবা গ্রহীতাদের দায়িত্ব ও কর্তব্য:**

- পূর্ণাঙ্গ ও সঠিক তথ্য দিয়ে আবেদন ফরম পূরণ করা।
- নির্ধারিত সময়ের মধ্যে কলেজ ফি ও অন্যান্য পাওনা পরিশোধ করা।
- কলেজের নিয়মকানুন ও পরিচ্ছন্নতা বজায় রাখা এবং ড্রেসকোড (পোশাকের নিয়ম) মেনে চলা।
- নির্ধারিত নোটিশ বোর্ড ও কলেজের অফিসিয়াল ওয়েবসাইট নিয়মিত অনুসরণ করা।

**অভিযোগ প্রতিকার ব্যবস্থা:**

সেবা প্রাপ্তিতে কোনো সমস্যা হলে বা অসন্তুষ্ট হলে নিচের ধাপগুলো অনুসরণ করুন:

ধাপ ১: সংশ্লিষ্ট সেকশনের দায়িত্বপ্রাপ্ত শিক্ষক, কর্মকর্তা বা কর্মচারীর সাথে যোগাযোগ করুন।

ধাপ ২: সমস্যা সমাধান না হলে কলেজের উপাধ্যক্ষ/প্রধান শিক্ষক বরাবর আবেদন করুন।

ধাপ ৩: সর্বশেষ, অধ্যক্ষ বরাবর সরাসরি যোগাযোগ করুন।